**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/15/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানকে কাজে লাগানোর হার দেশের মধ্যে নেতৃস্থানীয় 30.51 শতাংশ হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***স্টেটের কন্ট্রাক্টগুলোতে MWBE-কে কাজে লাগানোর 30 শতাংশ লক্ষ্যকে নিউ ইয়র্ক স্টেট অতিক্রম করেছে***

***2020-2021 অর্থবছরে MWBE-সমূহকে স্টেটের 3 বিলিয়ন ডলারেরও বেশি কন্ট্রাক্ট বরাদ্দ করা হয়েছে***

***সম্পূর্ণ রিপোর্টটি পাওয়া যাবে [এখানে]***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট 2020-2021 অর্থবছরে স্টেটের কন্ট্রাক্টগুলোতে নিউ ইয়র্ক স্টেটের সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে (Women-Owned Business Enterprises, MWBE) কাজে লাগানোর হারের আনুষ্ঠানিক লক্ষ্য অতিক্রম করে 30.51% হার অর্জন করেছে যা দেশের মধ্যে সর্বোচ্চ। সেইসাথে, এই একই সময়কালের মধ্যে MWBE ফার্মগুলোকে 3 বিলিয়ন ডলারেরও বেশি স্টেট কন্ট্রাক্ট বরাদ্দ করা হয়েছে, যা নিয়ে 2011 সাল থেকে মোট বরাদ্দকৃত স্টেট কন্ট্রাক্টের পরিমাণ 21 বিলিয়ন ডলারে দাঁড়িয়েছে। এই অর্জন নিউ ইয়র্ক স্টেটের এগারতম বার্ষিক সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানের ফোরামের সাথে সম্মিলিতভাবে ঘোষণা করা হয়েছে, যা 16 ডিসেম্বর দিনব্যাপী চলবে। এই ফোরাম বিভিন্ন শিল্পখাতের MWBE-সমূহের জন্য নতুন পেশাগত সংযোগ তৈরি করা, স্টেট কন্ট্রাক্টের আপডেট সম্পর্কে জানা, এবং সদা-পরিবর্তনশীল বাজারে আরো প্রতিযোগিতামূলক হয়ে উঠার প্রধান সুযোগ প্রদান করে।

"নিউ ইয়র্ক স্টেট উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্যসমূহ নির্ধারণ করেছে - এবং আমার কাজ হলো সেগুলো পূরণ করা," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের বৈচিত্র্য আমাদের সবচেয়ে বড় শক্তি, এবং আমার প্রশাসনের একটি শীর্ষ অগ্রাধিকার হলো আমাদের স্টেটের অর্থনৈতিক সুযোগ-সুবিধা যাতে পক্ষপাতশূন্য হয় এবং সেই বৈচিত্র্যের প্রতিফলন ঘটায়। MWBE-সমূহ আমাদের কমিউনিটিগুলোর অর্থনৈতিক মেরুদণ্ড, এবং আমাদের অতিক্রম করে যাওয়া এবং ছাড়িয়ে যেতে থাকা 30 শতাংশের মাইলফলকটি এবিষয়ে আমার স্থির বিশ্বাসকেই প্রমাণিত করেছে।"

**লেফটেনেন্ট গভর্নর বেঞ্জামিন বলেন,** "কোভিড-19 মহামারী থেকে আরো উন্নত করে নির্মাণ করার এই সময়ে, আমাদের অবশ্যই অন্তর্ভুক্তিমূলক উপায়ে আরো উন্নত হয়ে নির্মাণ

করতে হবে এবং আমাদের ক্রমবর্ধমান অর্থনীতিতে অংশগ্রহণের জন্য প্রত্যেকের ক্ষমতায়ন নিশ্চিত করতে নিউ ইয়র্ক স্টেট যে আগ্রাসী পদক্ষেপসমূহ গ্রহণ করছে সেগুলোর ব্যাপারে আমি গর্বিত। স্টেট কন্ট্রাক্ট বরাদ্দ করার ক্ষেত্রে MWBE-সমূহের অংশগ্রহণের পদ্ধতিগত প্রতিবন্ধকতা ভেঙ্গে ফেলার জন্য গভর্নর হোকল অক্লান্তভাবে কাজ করেছেন, এবং আমাদের 30 শতাংশ কাজে লাগানোর লক্ষ্য অতিক্রম করার মাধ্যমে - যা দেশের মধ্যে সর্বোচ্চ অবস্থানে রয়েছে - আমরা MWBE-সমূহের জন্য সফল হওয়ার সমান সুযোগ থাকা একটি নতুন যুগ নিয়ে আসছি।"

এবছরের ফোরামের প্রতিপাদ্য হলো "আগামীর উদ্ভাবন" এবং এখানে সরাসরি উপস্থিত হয়ে অংশগ্রহণের মতো অনুষ্ঠান এবং সম্পূর্ণ-মাত্রার অনলাইন সেশন আয়োজন করা হয়েছে যেখানে MWBE-সমূহ, স্টেট সংস্থা ও কর্তৃপক্ষগুলো, প্রধান কন্ট্রাক্টররা এবং অন্যান্য কৌশলগত অংশীদারদের একসঙ্গে আনা হচ্ছে। কর্মসূচিগুলোর মধ্যে প্যানেল ও ওয়ার্কিং সেশন, এবং লাইভ ও ভার্চুয়াল নেটওয়ার্কিং মিটআপ অন্তর্ভুক্ত রয়েছে। নির্ধারিত সময়সূচির কর্মসূচিগুলোতে মূলধন ব্যবহার করে ও প্রযুক্তি কাজে লাগিয়ে কোনো ব্যবসায় বিনিয়োগ করা ও উন্নতি করা সম্পর্কে আলোচনা থেকে শুরু করে স্টেটের ক্রমবর্ধমান গাঁজা শিল্পে MWBE-সমূহের জন্য উদীয়মান সুযোগ পর্যন্ত বিস্তৃত পরিসরের বিভিন্ন বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। ফোরামটি স্টেটের সংস্থা, বেসরকারি খাত ও MWBE-সমূহের মধ্যে সংযোগ তৈরি করার একটি নতুন যুগ নিয়ে আসার লক্ষ্যে MWBE-সমূহের উন্নতি করা, শক্তিশালী করা, ও উদযাপন করার উপর জোর দেয়।

**নিউ ইয়র্ক স্টেটের চিফ ডাইভার্সিটি অফিসার জুলিসা গিউটিরেজ বলেন,** "এবছরের MWBE-সমূহকে কাজে লাগানোর হার নিশ্চিত করেছে যে দেশের সবচেয়ে সাহসী, সবচেয়ে আগ্রাসী MWBE কর্মসূচি নিউ ইয়র্কে রয়েছে। এই উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য পূরণ করার ফলে এখন আমাদের সামনে চ্যালেঞ্জ হলো কাঠামোগত ও সামাজিক প্রতিবন্ধকতাগুলো অপসারণের জন্য এগিয়ে যাওয়ার এই গতি ধরে রাখা এবং আমাদের অর্থনীতিতে যাতে আমাদের স্টেটের চমৎকার বৈচিত্র্য প্রতিফলিত হয় তা নিশ্চিত করা।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও CEO পদে মনোনীত হোপ নাইট বলেন,** "নিউ ইয়র্ক স্টেট পুনরায় খুলতে শুরু করায়, MWBE-সমূহকে স্টেটের পুনর্নির্মাণের সময়ে নতুন এক বাস্তবতার সাথে মানিয়ে নেয়ার জন্য প্রয়োজনীয় সরঞ্জামগুলো নিয়ে প্রস্তুত থাকতে হবে, এবং স্টেট কন্ট্রাক্টের মাধ্যমে পাওয়া সুযোগ-সুবিধাগুলো কাজে লাগিয়ে অর্থনৈতিক সাফল্য অর্জনের পথে এগিয়ে যেতে হবে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর ডিভিশন অব মাইনরিটি এন্ড উইমেন'স বিজনেস ডেভেলপমেন্ট (Division of Minority and Women's Business Development)-এর এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এবং এক্সিকিউটিভ ডিরেক্টর জেরোম এ. ড্যুভাল বলেন,** "আমাদের মিশন - এবং সরকারের দায়বদ্ধতা - হলো সবার জন্য সুযোগ প্রদান করায় সহায়তা করা, বিশেষ করে তাদের জন্য, যারা ঐতিহাসিকভাবে অর্থনৈতিক সমৃদ্ধিতে পুরোপুরিভাবে অংশগ্রহণ করা এবং সেটির মাধ্যমে উপকৃত হওয়ার অধিকার থেকে বঞ্চিত

থেকেছেন। আমাদের 30% কাজে লাগানোর লক্ষ্যকে ছাড়িয়ে যাওয়া MWBE-সমূহের জন্য সফলতা অর্জনের ন্যায্য ও সমান সুযোগ থাকা নিশ্চিত করতে সরকারি ও বেসরকারি খাতের - নির্বাচিত কর্মকর্তা, কমিউনিটি নেতৃবৃন্দ, ব্যবসা প্রতিষ্ঠানের মালিক, অ্যাডভোকেট ও উদ্যোক্তাদের - কঠোর পরিশ্রম এবং ইতিবাচক, উৎপাদনমুখী অংশীদারিত্বের প্রতিনিধিত্ব করে।"

ESD-এর ডিভিশন অব মাইনরিটি এন্ড উইমেন'স বিজনেস ডেভেলপমেন্ট 2020-2021 অর্থবছরের জন্য এটির বার্ষিক রিপোর্টও প্রকাশ করেছে। এই রিপোর্টে অতীতে ও এবছরে MWBE-সমূহকে সহায়তা করার ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের এই ঐতিহাসিক অর্জন ও সাফল্যের কথা তুলে ধরা হয়েছে, যা কোভিড-19 মহামারীর অব্যাহত প্রভাবের কথা বিবেচনায় বিশেষভাবে গুরুত্বপূর্ণ। সম্পূর্ণ রিপোর্টটি এখানে পাওয়া যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন